



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩০.২০২০/১১০৫/২

তারিখ : ২৭/১০/২০২০ খ্রি:

বিষয় : সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতা প্রদান প্রসঙ্গে।

সূত্র : জনাব আ: লতিফ সরকার এর ১৭/০৯/২০২০ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব আ: লতিফ সরকার, অধ্যক্ষ, দ্বীপনগর কলেজ, বাঘমারা, রাজশাহী সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদন পর্যালোচনায় দেখা যায়, কলেজ কর্তৃপক্ষ তাকে(অধ্যক্ষ) বরখাস্ত করে আপিল এন্ড আরবিট্রেশন কমিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী তে প্রেরণ করেন। পরবর্তীতে শিক্ষা বোর্ড বরখাস্তকরণ প্রক্রিয়া বিধি সম্মত না হওয়ায় বিগত ০৫/১০/২০১৭ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে তা অনুমোদন হয়নি। সংশ্লিষ্ট কলেজের সভাপতি জনাব মো: আজহার আলী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর বিগত ০৫/১০/২০১৭ তারিখের পত্রের কার্যক্রমের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৬৮৮/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে সচিব, গং কে বিবাদী করে রুল জারি করা হয়। রিট পিটিশনটি বিগত ২৮/০৪/২০১৯ তারিখে শুনানী হয় এবং শুনানী শেষে মহামান্য হাইকোর্ট বিভাগ Rule Discharged করে রায় প্রদান করেন। উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে জনাব মো: আজহার আলী সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১৭২৬/২০১৯ দায়ের করেন। আপিল মামলাটি বিগত ২৭/০৮/২০১৯ তারিখ খারিজ হয়। অধ্যক্ষ জনাব আ: লতিফ সরকার এর আবেদনে দেখা যায় যে, বিগত ০১/০১/২০২০ তারিখে তিনি সংশ্লিষ্ট কলেজে অধ্যক্ষ হিসেবে যোগদান করেন এবং বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলন করেন। বর্তমানে তিনি সেপ্টেম্বর/২০১৫ থেকে অর্ধেক বেতন-ভাতা এবং পরবর্তী সময়ে পূর্ণ বেতন-ভাতা বকেয়া হিসাবে প্রদানের জন্য আবেদন করেন।

আইন শাখার মতামত : যেহেতু কলেজ কর্তৃপক্ষ অধ্যক্ষ জনাব আ: লতিফ সরকার কে বরখাস্ত করেন এবং তাঁর বেতন ভাতাদির সরকারি অংশ মাউশি অধিদপ্তর/শিক্ষা মন্ত্রণালয় থেকে বন্ধ করা হয়নি, সেহেতু তাঁর আবেদনে প্রার্থীত বকেয়া বেতন-ভাতার সরকারি অংশের টাকা জনবল কাঠামো-২০১৮ এর ১৮(৫) ধারা অনুসারে প্রতিষ্ঠান থেকে প্রদান করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

২৭.১০.২০২০
(মো: আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

জনাব আ: লতিফ সরকার

অধ্যক্ষ

দ্বীপনগর কলেজ, বাঘমারা, রাজশাহী।

বিতরণ :

১। সভাপতি, গভর্নিং বডি, দ্বীপনগর কলেজ, বাঘমারা, রাজশাহী;

২। সংরক্ষণ নথি।